

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date:10-10-2024**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Durga Puja -Mahasaptami:**

শারদীয়া দুর্গোৎসবের আজ মহাসপ্তমী। পঞ্জিকা অনুযায়ী মহাসপ্তমী বিহিত পূজা এবছর ভোর ৫ টা ৪০ থেকে হওয়ায় ভোর বেলা থেকেই মন্ডপ থেকে কাঁসর ঢাক ঢোলের আওয়াজ এক পবিত্র পরিবেশের সৃষ্টি করেছে। গতকাল মহাষষ্ঠীর সন্ধ্যায় মন্ডপে মন্ডপে প্রতিমা দর্শনে দর্শনার্থীদের ভিড় বাড়ে। প্রায় সারা রাত ধরে দর্শনার্থীদের আনাগোনা ছিল আগরতলার থিম ও বড় বাজেটের পূজো মন্ডপ গুলোয়।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলা শহর ও শহরতলীর বহু সার্বজনীন পূজা মন্ডপের উদ্বোধন করেন। সাংসদ বিপ্লব কুমার দেব নতুননগরস্থিত দেশবন্ধু ক্লাবের উদ্বোধন করেন।

\*\*\*\*\*

**Traffic Arrangement:**

দুর্গাপূজো উপলক্ষ্যে আজ থেকে ১৩ই অক্টোবর পর্যন্ত আগরতলা শহরের বিভিন্ন স্থানে নো-এন্ট্রি বসানো হবে। সন্ধ্যা ৫টা থেকে রাত ১টা পর্যন্ত বিভিন্ন স্থানে শহরের নো-এন্ট্রি থাকবে। পশ্চিম জেলা শাসক ডাঃ বিশাল কুমার এক বিজ্ঞপ্তিতে একথা জানিয়েছেন। তিনি জানান, নো-এন্ট্রি চলা কালে বাস এবং যাত্রীবাহী গাড়িগুলি গোখাবস্তির পন্ডিত নেহেরু অফিস কমপ্লেক্স, রামনগর টিওপি'র কাছে দুর্গাচৌমুহনী ব্রিজের উত্তরাংশ, আখাউড়া রোড ত্রিনয়নী ক্লাব সংলগ্ন ক্রসিং, নাগেরজলা বাস

টার্মিনাল, এডিনগর ড্রপগেট, প্রতাপগড় বেইলী ব্রিজ, চন্দ্রমোহন সেতুর দক্ষিণাংশ অর্থাৎ পুরনো ঝুলন্ত সেতু, রামঠাকুর বয়েজ স্কুল ব্রিজ, গান্ধীস্কুল/এমবিবি কলেজ এলাকা, চন্দ্রপুর মসজিদের কাছে, জিবি ক্যান্সার হাসপাতালের কাছে পার্ক করা যাবে।

\*\*\*\*\*

#### **PM, Digital India:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে ডিজিটাল ইন্ডিয়া প্রবীণ নাগরিকদের পেনশন পাওয়ার প্রক্রিয়া সহজ করেছে। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি সন্তোষ প্রকাশ করে বলেন যে ডিজিটাল ইন্ডিয়া পেনশন পাওয়ার প্রক্রিয়াটিকে আরও সহজ করেছে এবং এটি সারা দেশে প্রবীণ নাগরিকদের জন্য খুব প্রয়োজনীয় বলে প্রমাণিত হচ্ছে।

\*\*\*\*\*

#### **Ratan Tata expired:**

প্রয়াত হলেন বিশিষ্ট শিল্পপতি রতন টাটা। মুম্বাইয়ের ব্রিচ ক্যান্ডি হাসপাতালে গতকাল রাতে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৬ বছর। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রতন টাটার মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। শ্রী মোদী বলেন যে রতন টাটা ছিলেন একজন দূরদর্শী ব্যবসায়ী নেতা, একজন সহানুভূতিশীল, অসাধারণ মানুষ যিনি তার নমনীয়তা, দয়া এবং আমাদের সমাজকে আরও উন্নত করার জন্য একটি অটল প্রতিশ্রুতি দিয়ে নিজেকে জনপ্রিয় করেছিলেন। তিনি ভারতের অন্যতম প্রাচীন এবং সবচেয়ে মর্যাদাপূর্ণ ব্যবসায়িক প্রতিষ্ঠানকে স্থিতিশীল নেতৃত্ব প্রদান করেন। তিনি শিক্ষা, স্বাস্থ্যসেবা, পশু কল্যাণের মতো বিষয়েও শীর্ষে ছিলেন। প্রধানমন্ত্রী রতন টাটার সঙ্গে বিভিন্ন সময়ে তাঁর সম্পর্কের স্মৃতিচারণ করেন।

রতন টাটার মৃত্যুতে শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। এক শোকবার্তায় মুখ্যমন্ত্রী তাঁর বিদেহী আত্মার

শান্তিকামনা করে বলেন রতন টাটার দূরদর্শী নেতৃত্ব, এবং সামাজিক দায়বদ্ধতার প্রতিশ্রুতি বর্তমানে ও ভবিষ্যৎ প্রজন্মকে অনুপ্রাণিত করবে।

\*\*\*\*\*

#### **ADC :**

রাজ্য মন্ত্রিসভা এডিসি এলাকায় ছয়টি উন্নয়নমূলক প্রকল্পের জন্য ৩০কোটি টাকার মঞ্জুর করেছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা গতকাল একথা জানান। মুখ্যমন্ত্রী জানান, এডিসি এলাকার জনজাতিদের সামগ্রিক জীবনযাত্রার সামগ্রিক মান উন্নয়নে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ। এডিসি এলাকার উন্নয়নে অর্থ মঞ্জুরির জন্য তিপরা মথা দলের প্রধান ও এম ডি সি প্রদ্যোৎ কিশোর দেববর্মা মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*

#### **PM, Laos :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দুদিনের সফরে আজ লাওসের ভিয়েনতিয়েনে যাবেন। নতুনদিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে বিদেশ মন্ত্রকের সচিব জয়দীপ মজুমদার বলেন, সফরের সময় শ্রী মোদি ২১তম আসিয়ান-ভারত শীর্ষ সম্মেলন এবং ১৯তম পূর্ব এশিয়া শীর্ষ সম্মেলনে যোগ দেবেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শ্রী মোদি লাওসের প্রধানমন্ত্রী সোনেক্সে সিফানডোনের আমন্ত্রণে ভিয়েনতিয়েনে যাচ্ছেন। প্রধানমন্ত্রী শ্রী মোদি আসিয়ান দেশগুলির সরকার প্রধানদের সঙ্গে ভারত ও আসিয়ানের মধ্যে সম্পর্কের অগ্রগতি পর্যালোচনা করবেন।

\*\*\*\*\*

#### **N. F. Railway:**

শারদোৎসবের মরসুমে যাত্রী ভিড়ের প্রতি লক্ষ রেখে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে ১৩ জোড়া অর্থাৎ ২৬টি স্পেশাল

ট্রেন পরিচালনার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। দুর্গাপূজা, দীপাবলি এবং ছট পূজা উপলক্ষে যাত্রীদের অতিরিক্ত ভিড়ের পরিপ্রেক্ষিতে এই স্পেশাল ট্রেনগুলি চলাচল করবে আগামী ৩০শে নভেম্বর পর্যন্ত। এই স্পেশাল ট্রেনগুলির যাত্রা পথে অমৃতসর, বাঙ্গালুরু, গোরখপুর, প্রয়াগরাজ, কলকাতা, আনন্দ বিহার, শ্রী গঙ্গানগর ইত্যাদির পাশাপাশি অন্যান্য গুরুত্বপূর্ণ গন্তব্যস্থলগুলি অন্তর্ভুক্ত থাকবে। এই উৎসব স্পেশাল ট্রেনগুলি জোনের মধ্যে আগরতলা, নাহরলগুন, শিলচর, নিউ তিনসুকিয়া, ডিব্রুগড়, কাটিহার ইত্যাদি সহ অন্যান্য সংলগ্ন অঞ্চলগুলির মধ্যে আন্তঃসংযোগ বৃদ্ধি করবে।

\*\*\*\*\*

**MLA Dipankar Sen:**

বিধায়ক দীপঙ্কর সেন গতকাল বিলৌনীয়া বিধানসভা এলাকার বিভিন্ন সমস্যা নিয়ে দক্ষিণ জেলার জেলা শাসক স্মিতা মল এম এস'র সঙ্গে দেখা করেন। ভারতচন্দ্র নগর ব্লক এলাকায় চলাচলের অযোগ্য হয়ে পড়া বেশ কয়েকটি রাস্তা এমএনরেগা প্রকল্পের মাধ্যমে দ্রুত সংস্কারের পদক্ষেপ নেওয়ার দাবি জানান। এছাড়াও সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের কাছে জমা হয়ে পড়া থাকা সামাজিক ভাতার আবেদনকারীদের দ্রুত ভাতা চালুর দাবী জানান বিধায়ক দীপংকর সেন।

\*\*\*\*\*

**Weather :**

আকাশ সাধারণত মেঘলা থাকবে। কিছু কিছু জায়গায় হালকা থেকে মাঝারি অথবা বজ্র-বিদ্যুৎ সহ দু এক পশলা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামী ২৪ ঘন্টায় সর্বোচ্চ তাপমাত্রা ৩৩.৪ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.৫ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে থাকবে।

\*\*\*\*\*

\* \* \* \* \*